The Daily Star

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়
## কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া।
Email:kustiamc@ac.dghs.gov.bd

মুজিবশতবর্ষ MUJIB 100
মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- কুষমেক/প্রশা/নিয়োগ/২০২১/ ০৬ তারিখঃ ২২ / ০৮ /২০২১ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,পারসোনেল-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৫৯.০০.০০০০.১০৯.১১.০১৯..২১-১৮৩ তারিখঃ ২০ মে ২০২১ খ্রিঃ মোতাবেক ছাড়পত্র পাওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ,কুষ্টিয়ার ৩য় শ্রেণীর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত সৃজনকৃত শুন্য পদ সমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে **https://alljobs.teletalk.com.bd** ও **http://kumc.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল,২০১৫ অনুয়ায়ী | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব:)টাঃ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০৫(পাঁচ) | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজী (আই.এইস.টি) হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স সম্পন্ন। |
| ০২ | স্টেনোগ্রাফার-কাম- কম্পিউটার অপারেটর টাঃ ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০১(এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতেঅন্যূন ২য় শ্রেনী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; (গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং,ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স ইত্যাদি পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে |
| ০৩ | একাউনটেন্ট টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০১(এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন স্নাতক বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং(খ) কম্পিউটার এমএস অফিস,ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ০৪ | স্টোর কিপার টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০১(এক) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং(খ) কম্পিউটার এমএস অফিস,ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ০৫ | সহকারী লাইব্রেরিয়ান টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০১(এক) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; (খ) কম্পিউটার এমএস অফিস,ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ০৬ | অফিস সহকারী - কাম -কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০৪(চার) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট(এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ; (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং,ই-মেইল,ফ্যাক্স ইত্যাদি পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | ড্রাইভার টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | অনুর্ধ্ব ৩০ বৎসর | ০২(দুই) | সরকার স্বীকৃত বোর্ড হতেএসএসসি/সমমান পাশসহ হালকা গাড়ি চালানর বৈধ লাইসেন্স থাকতে হবে(চলতি বছর পর্যন্ত নবায়নকৃত)। সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**আবেদন করার নিয়মাবলী :-**

নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। আবেদন কারীর বয়স **২৫/০৩/২০২০** তারিখে অনুর্ধ্ব ৩০ বছরের মধ্যে থাকতে হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এর পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর। শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জাতীয় পরিচয় পত্র/ /অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরন করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

২। সকল পদের জন্য কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। ক্রমিক নং-১,২,৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে। ক্রমিক নং-৩,৪,ও ৫ নং ক্রমিকে বর্ণিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার পরীক্ষায় অংশগ্রহন করিতে হবে।

৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে এবং নিয়োগ সংক্রান্ত সরকারি সকল বিধি বিধান অনুসরন করা হবে।

৫। জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র পৌরসভা/সিটি করর্পোরেশন ওয়ার্ড কাউন্সীলর কর্তৃক প্রদত্ত সনদ দখিল করতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা,নাগরিক,চারিত্রিক, সকল প্রকার প্রশিক্ষণের সনদ, কোটা (যদি থাকে) ও আবেদনে পুরনকৃত অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং অন-লাইনে পুরনকৃত আবেদনের কপি সহ উক্ত সকল সনদপত্রের ছায়ালিপি ও জাতিয় পরিচয়পত্র অথবা অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ালিপি (গেজেটেড কর্মকর্তার নামসহ সত্যায়িত) দখিল করতে হবে।

৭। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। উল্লেখিত সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। তাছাড়া আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

৮। শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কর্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রদত্ত সনদ দখিল করতে হবে।

৯। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদ দখিল করতে হবে।

১০। আনসার ও ভিডিপি কোটায় আবেদন করলে প্রার্থীকে বাংলাদেশ আনসার একাডেমী থেকে ০৬(ছয়)সপ্তাহের প্রশিক্ষনের সনদ দখিল করতে হবে।

১১। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হনতবে তিনি সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।

১২। **অনলাইনে আবেদন পত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://kumc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদন পত্র পূরণ করতে পারবেন।

I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১-০৯-২০২১ খ্রিঃ সকাল ১০:০০ টা।

II. Online-এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ **২২/০৯ /২০২১** খ্রিঃ বিকেল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণOnline-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে জমা দিতে পারবেন।

খ. Online আবেদন পত্রে প্রার্থীর স্বাক্ষর( দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel)ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel)স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন পত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ ব্যবহারিক পরীক্ষার সময় আবেদনে পুরনকৃত অন্যান্য কাগজপত্রের সহিত জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র(Application Form) যথাযত ভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহApplication Previewদেখাযাবে। নির্ভুলভাবে আবেদনপত্রSubmitকরা সম্পন্নপ্রার্থী একটিUser ID, ছবিএবং স্বাক্ষরযুক্ত একটিApplicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী downloadপূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১ থেকে ৭ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/= (একশত) টাকা এবং টেলিটক চার্জ বাবদ ১২/= (বার) টাকাসহ মোট ১১২/= (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখনে বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণকরে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online -এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ক্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষগত যোগ্যতা,অভিজ্ঞতা,কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন পত্র যাচাই- বাছাইয়ের সময়/নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**প্রথম SMS:**

**KUMC**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: KUMC ABCDEF

Reply: Applicant's Name, TK.-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type KUMC<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:**

**KUMC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: KUMC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for KUMC Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://kumc.teletalk.com.bd এবং https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জনানো হবে।Online আবেদন পত্রে প্রাথীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS -এ প্রেরিতUser ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. প্রবেশ পত্রে প্রার্থীর কোন ছবি না থাকিলে বা ছবির কোন গড়মিল হলে লিখিত পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে না।

ঝ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিতSMS পদ্ধতি অনুসরণ করে নিজনিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে: **KUMC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **KUMC Help User ABCDEF** & send to 16222.

II. PIN Number জানা থাকলে: **KUMC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.22222
Example: KUMC Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd এবং **kustiamc@ac.dghs.gov.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **KUMC** ,Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, সময় পরিবর্তন ও বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৫। ত্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে এবং কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। আবেদনকারী পিতার নাম, মাতার নাম,জন্ম তারিখ ও নিজ জেলা সহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যে ভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

১৮। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজ পত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

১৯। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনরুপ টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

২০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২১। নিয়োগ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি এবং এই নিয়োগ সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি (**https://alljobs.teletalk.com.bd**) এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

22.8.21
(ডাঃ মোহাঃ দেলদার হোসেন)
অধ্যক্ষ
কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া
ও সভাপতি নিয়োগ কমিটি।

GD- 1524